দৈনিক ইত্তেফাক

183

তারিখ ... ... SEP. 23.1999
পৃষ্ঠা ৪ ... কলাম ৪ ......

## প্রসঙ্গ ঃ তৃতীয় বিভাগ

ইদানীং চাকুরীর নিয়োগ বিজ্ঞপ্তিতে দেখা যায়, শিক্ষা ক্ষেত্রে কোন তৃতীয় বিভাগ/শ্রেণীপ্রাপ্তদের আবেদন করার প্রয়োজন নাই- এই ধরনের একটি বাক্য। তাহা হইলে তৃতীয় বিভাগ/শ্রেণী রাখিবার যৌক্তিকতা কী? চাকুরীতে নিয়োগের ক্ষেত্রে যেখানে প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে প্রার্থী নির্বাচন করা হয় সেখানে বিভাগ/শ্রেণীর চাইতে প্রতিযোগিতামূলক পরীক্ষাই কি মুখ্য নয়? অনেক ক্ষেত্রেই যথেষ্ট মেধাবী হওয়া সত্ত্বেও কেহ কেহ দুর্ভাগ্যক্রমে শিক্ষা জীবনের একটি ক্ষেত্রে তৃতীয় বিভাগ/শ্রেণী পাইয়া যায়। ফলে চাকুরীর প্রতিযোগিতামূলক পরীক্ষায় অংশগ্রহণ করিতে না পারায় অনেকেই মেধার সঠিক মূল্যায়ন হইতে বাদ পড়িয়া যায়। সবচাইতে বড় কথা হইল, বি,সি,এস ক্যাডার সার্ভিসের পরীক্ষায় যেখানে তৃতীয় বিভাগ/শ্রেণীর নিষেধাজ্ঞা নাই, সেখানে অন্যান্য চাকুরীর ক্ষেত্রে তৃতীয় বিভাগ/শ্রেণীর নিষেধাজ্ঞা থাকা উচিত নয় বলিয়া মনে করি। এমতাবস্থায়, চাকুরীর ক্ষেত্রে তৃতীয় বিভাগ/শ্রেণীর চাইতে প্রার্থীর মেধার মূল্যায়নের জন্য সকলকে প্রতিযোগিতামূলক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দিবার বিষয়টি বিবেচনা করিতে সংশ্লিষ্ট সকল মহলের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

মোঃ জাহাঙ্গীর আলম,
গ্রাম ঃ আগুনিয়াতাইর,
উপজেলা ঃ সোনাতলা,
জেলা ঃ বগুড়া।